

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
 গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়  
 নগর উন্নয়ন অধিদপ্তর  
 ট্রেনিং এন্ড ডকুমেন্টেশন সেল  
[www.udd.gov.bd](http://www.udd.gov.bd)



স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০২.৩৩.০০৮.১৭.৯১

তারিখ: ১৪ আশ্বিন ১৪২৯

২৯ সেপ্টেম্বর ২০২২

বিষয়: “গাজীপুর সিটি কর্পোরেশনের কঠিন বর্জ্য ব্যবস্থাপনার জন্য এবং বিভিন্ন অঞ্চলে বাস- ট্রাক টার্মিনাল নির্মাণের নিমিত্তে জমি অধিগ্রহণ”  
 শীর্ষক প্রকল্পের আওতায় কঠিন বর্জ্য ব্যবস্থাপনার জন্য ৩৩.৩৩ একর জমি অধিগ্রহণের লক্ষ্যে অনাপত্তি ছাড়পত্র প্রদান প্রসঙ্গে।

সূত্র: স্মারক নং- ৪৬.১৯.০০০০.০১৮.৯৯.০৬২.২০-১৩৬১; তারিখ: ৩১/০৮/২০২২ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে, গাজীপুর সিটি কর্পোরেশন কর্তৃক “গাজীপুর সিটি কর্পোরেশনের কঠিন বর্জ্য ব্যবস্থাপনার জন্য এবং বিভিন্ন অঞ্চলে বাস- ট্রাক টার্মিনাল নির্মাণের নিমিত্তে জমি অধিগ্রহণ” শীর্ষক প্রকল্পের আওতায় কঠিন বর্জ্য ব্যবস্থাপনার জন্য ৩৩.৩৩ একর জমি অধিগ্রহণের লক্ষ্যে অনাপত্তি ছাড়পত্র প্রদানের জন্য আবেদন করেছে (প্রস্তাবিত জমির মৌজাভিত্তিক তফসিল, সংযুক্তি-১)।

তদু প্রেক্ষিতে উক্ত এলাকার সরেজমিনে পরিদর্শনে দেখা যায় যে, ইটাহাটা মৌজায় প্রস্তাবিত জমিতে একটি দুতলা পাকা ভবন, দুইটি সেমিপাকা ঘর ও কয়েকটি টিনশেডসহ বসতবাড়ি ও ফাকা জমি রয়েছে। এছাড়া প্রস্তাবিত জমির উত্তরে কৃষিজমি, পশ্চিমে কড্ডা হতে কদমতলা বাজার সড়ক রয়েছে। মজলিশপুর মৌজায় কড্ডা হতে কদমতলা বাজার রোড প্রশস্তকরণের জন্য প্রস্তাবিত জমিতে কাঁচা রাস্তা (আংশিক) ও উচু-নীচু এক ফসলী কৃষিজমি রয়েছে। এছাড়া প্রস্তাবিত জমির উত্তরে কৃষিজমি, দক্ষিণে কৃষিজমি, পশ্চিমে কৃষিজমি ও কাঁচ রাস্তা ও পূর্বে বিদ্যমান কড্ডা হতে কদমতলা বাজার সড়ক অবস্থিত। (পরিদর্শন প্রতিবেদন, সংযুক্তি-০২; Google Map, সংযুক্তি-০৩)।

RAJUK এর Detail Area Plan (DAP) পর্যালোচনা করে দেখা যায় জায়গাটির প্রস্তাবিত ভূমি ব্যবহার Flood Flow Zone হিসেবে চিহ্নিত আছে (সংযুক্তি-৪)। রাজউক কর্তৃক ৩৩.৩৩ একর ভূমি অধিগ্রহণে জনস্বার্থে শর্ত সাপেক্ষে অনাপত্তি প্রদান করা হয়েছে, (সংযুক্তি-০৫)। উল্লেখ্য যে, Town Improvement Act, 1953 এর 75(1) ধারা অনুযায়ী “Permission for use of land Contrary to The Master Plan” এর ক্ষেত্রে রাজউক চেয়ারম্যানকে ক্ষমতা দেয়া আছে। পরিবেশ অধিদপ্তর কর্তৃক অনাপত্তি পত্র প্রদান করা হয়েছে (সংযুক্তি-৬)।

এমতাবস্থায়, “গাজীপুর সিটি কর্পোরেশনের কঠিন বর্জ্য ব্যবস্থাপনার জন্য এবং বিভিন্ন অঞ্চলে বাস- ট্রাক টার্মিনাল নির্মাণের নিমিত্তে জমি অধিগ্রহণ” শীর্ষক প্রকল্পের আওতায় কঠিন বর্জ্য ব্যবস্থাপনার নিমিত্তে প্রস্তাবিত দাগে সরেজমিনে পরিদর্শন প্রতিবেদন এবং নিম্নলিখিত শর্ত সাপেক্ষে প্রস্তাবিত ৩৩.৩৩ একর জমি অধিগ্রহণে নির্দেশক্রমে নগর উন্নয়ন অধিদপ্তরের অনাপত্তি পত্র প্রদান করা হলো।

### শর্তাবলী

- (১) প্রত্যাশী সংস্থাকে ভূমি অধিগ্রহণের ক্ষেত্রে প্রযোজ্য আইন, বিধি ও নীতিমালা যথাযথভাবে অনুসরণ করতে হবে;
- (২) লিচেড এর তরল পদার্থ যথাযথভাবে প্রক্রিয়াকরন করতে হবে।
- (৩) প্রস্তাবিত সাইটের চারপাশে গ্রিন বেল্ট এর সংস্থান রাখতে হবে।
- (৪) পশ্চিম পাশের কড্ডা হতে কদমতলা বাজার সড়কটি ভবিষ্যতে প্রশস্তকরণের প্রয়োজন হয় সে লক্ষ্যে প্রস্তাবিত জমির অভ্যন্তরে দিকে জায়গা সংরক্ষণ করতে হবে;
- (৫) উক্ত এলাকার পানির প্রবাহে কোনভাবেই যেন বাধা সৃষ্টি না হয় তার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

(৬) রাজউক এর Landuse Plan আর.এস মৌজার উপরে প্রস্তুতকৃত বিধায় এই অনাপত্তি পত্রে ভূমি ব্যবহারজনিত জটিলতায় আর.এস ম্যাপই বিবেচ্য হবে।

(৭) প্রস্তাবিত জমির চারপাশে জনসাধারণের স্বাভাবিক চলাচলের ব্যবস্থা নিশ্চিত করতে হবে।

(৮) "Town Improvement Act, 1953" এ প্রদত্ত ক্ষমতা বলে চেয়ারম্যান, রাজউক কর্তৃক DAP অনুমোদিত ভূমি ব্যবহার পরিবর্তন করে গেজেট করতে হবে।

(৯) রাজউক ও পরিবেশ অধিদপ্তর কর্তৃক প্রদত্ত সকল শর্তসমূহ অনুসরণ করতে হবে।

উল্লেখ্য যে, এই অনাপত্তি গাজীপুর সিটি কর্পোরেশন কর্তৃক প্রস্তাবিত জমি অধিগ্রহণের জন্য নগর উন্নয়ন অধিদপ্তরের অনাপত্তি ব্যতিত অন্য কোন মালিকানা বা শর্ত নির্ধারণ করে না। বর্ণিত জায়গায় কোন উচ্ছেদ বা আইনগত জটিলতার উদ্ভব হলে তা প্রত্যাশী সংস্থা বহন করবে।

### সংযুক্তিঃ

০১. প্রস্তাবিত জমির মৌজাভিত্তিক তফসিল
০২. সরেজমিনে পরিদর্শন প্রতিবেদন
০৩. প্রস্তাবিত এলাকার Google Map
০৪. DAP এর প্রস্তাবিত ভূমি ব্যবহারের উপর প্রস্তাবিত এলাকা চিহ্নিত ম্যাপ।
০৫. রাজউক এর অনাপত্তিপত্র
০৬. পরিবেশ অধিদপ্তর এর অনাপত্তি পত্র।



২৯-৯-২০২২

আহমেদ আখতারুজ্জামান

সিনিয়র প্ল্যানার

ফোন: ২২৩৩৮৪৯৩১

ইমেইল: akhtar\_udd@yahoo.com

প্রধান নির্বাহী কর্মকর্তা

প্রধান নির্বাহী কর্মকর্তা এর দপ্তর

গাজীপুর সিটি কর্পোরেশন

স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০২.৩৩.০০৮.১৭.৯১/১(৮)

তারিখ: ১৪ আশ্বিন ১৪২৯

২৯ সেপ্টেম্বর ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) পরিচালক (চলতি দায়িত্ব), পরিচালক এর দপ্তর, নগর উন্নয়ন অধিদপ্তর
- ২) উপ-পরিচালক, উপ-পরিচালক এর দপ্তর(ভৌত পরিকল্পনা), নগর উন্নয়ন অধিদপ্তর
- ৩) উপ-পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), উপ-পরিচালক এর দপ্তর(গবেষণা ও সমন্বয়), নগর উন্নয়ন অধিদপ্তর
- ৪) সচিব, গাজীপুর সিটি কর্পোরেশন
- ৫) সহকারী প্রকৌশলী, সহকারী প্রকৌশলী(সার্ভে), নগর উন্নয়ন অধিদপ্তর
- ৬) সহকারী প্ল্যানার, ট্রেনিং এন্ড ডকুমেন্টেশন সেল, নগর উন্নয়ন অধিদপ্তর
- ৭) প্ল্যানার, ট্রেনিং এন্ড ডকুমেন্টেশন সেল, নগর উন্নয়ন অধিদপ্তর
- ৮) প্রশাসনিক কর্মকর্তা, প্রশাসন শাখা, নগর উন্নয়ন অধিদপ্তর



২৯-৯-২০২২

মোঃ সাইফুর রহমান  
প্ল্যানার